

২৭ জুলাই, ২০২৩

বিজ্ঞপ্তি


এফবিসিসিআই নির্বাচন ২০২৩-২০২৫ এর আচরণ বিধি অনুযায়ী ব্যানার, ফেট্টুন ইত্যাদির মাধ্যমে নির্বাচনী প্রচারণা চালানো নিষিদ্ধ রয়েছে। পাশাপাশি ভোটারদের নিকট উপহার সামগ্রী বিতরণ করাও নিষিদ্ধ রয়েছে।

অথচ লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন প্রার্থী বিভিন্ন স্থানে রঙ্গীন ব্যানার/ফেট্টুন স্থাপনের মাধ্যমে প্রচারণা চালাচ্ছেন এবং ভোটারদের মাঝে উপহার সামগ্রী বিতরণ করছেন যা নির্বাচন আচরণ বিধি ভঙ্গের সামিল।

এছাড়াও ভিডিও মেসেজ প্রচারনার সময় বিনা অনুমতিতে এফবিসিসিআই-এর লোগো ব্যবহার করা হচ্ছে। ব্যক্তিগত প্রচারনার জন্য বিনা অনুমতিতে এফবিসিসিআই-এর লোগো ব্যবহার কোনভাবেই কাম্য নয়।

নির্বাচনী প্রচারণাকালে নির্বাচন আচরণ বিধি যথাযথভাবে মেনে চলার জন্য সকল প্রার্থীদের প্রতি আহ্বান জানানো যাচ্ছে। অন্যথায় নির্বাচন বিধি অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীদের বিরুদ্ধে নির্বাচন বোর্ড ব্যবস্থা গ্রহণ করবে।

নির্বাচন বোর্ডের আদেশক্রমে,


২৭.৭.২০২৩

সচিব

এফবিসিসিআই নির্বাচন বোর্ড